

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
প্রশাসন-২ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.motj.gov.bd](http://www.motj.gov.bd)


নং-২৪.০০.০০০০.১১২.৯৯.০০৪.৫৭- ১৭২

তারিখ: ১১.০২.২০১৮ খ্রি.

**বিষয়: “জাতীয় পাট দিবস -২০১৮” ও বহুমুখী পাটজাত পণ্যের মেলা উদ্বোধন উপলক্ষে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র এবং তৎসংলগ্ন এলাকায় সার্বক্ষণিক বিদ্যুৎ ব্যবস্থা নিশ্চিতকরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, আগামী ০৬ মার্চ, ২০১৮ রোজ মঙ্গলবার সকাল ১০.০০ টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় পাট দিবস-২০১৮ এবং তিন দিন ব্যাপী বহুমুখী পাটজাত পণ্যের মেলা উদ্বোধনে সানুগ্রহ সম্মতি প্রদান করেছেন।

২। বর্ণিত উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় মন্ত্রীবার্গ, সংসদ সদস্যবৃন্দ, ঢাকাস্থ মান্যবর কূটনীতিকবৃন্দ, পদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তা এবং আমন্ত্রিত সুধীবৃন্দ উপস্থিত থাকবেন বিধায় অনুষ্ঠান চলাকালীন অনুষ্ঠানস্থলে সার্বক্ষণিক বিদ্যুৎ ব্যবস্থা নিশ্চিত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
নারায়ণ চন্দ্র সরকার  
উপ সচিব  
ফোনঃ ৯৫১৪৪৬৪  
[motj.ad2@gmail.com](mailto:motj.ad2@gmail.com)

✓  
চেয়ারম্যান

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কো: (ডি. পি. ডি. সি)  
নবাব আব্দুল গনি রোড, ঢাকা-১০০০।

নং-২৪.০০.০০০০.১১২.৯৯.০০৪.৫৭-

তারিখ: ১১.০২.২০১৮ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

০১. চেয়ারম্যান, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
০২. নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ঢাকা।
০৩. উপসচিব (আইন-১ ও সদস্য সচিব, সার্বিক সমন্বয় কমিটি) বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. উপ সহকারী প্রকৌশলী, বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, আগারগাঁও, ঢাকা।
০৮. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।

নারায়ণ চন্দ্র সরকার  
উপ সচিব